# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

[redacted]

বিচারাধীন ।

ডিবির ওসি জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামে জামাল হোসেনের বাড়িতে অভিযান চালানো হয়। এসময় তার বাড়ি তল্লাশি চালিয়ে ৫গ্রাম হেরোইনসহ তাকে আটক করে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মুজিবনগর সীমান্ত দিয়ে ছয় বাংলাদেশীকে পুশব্যাক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার সীমান্ত থেকে ছয়জন বাংলাদেশী নাগরিককে পুশব্যাক করেছে ভারতীয় বিএসএফ।

রবিবার সকালে কাঁটাতারের বেড়ার গেট খুলে ছয়জনকে পুশব্যাক করা হয়। ছয়জনের বাড়ি উত্তরবঙ্গের বিভিন্ন জেলায়।

প্রবেশকারীদের সুত্রে জানা গেছে, তারা বিভিন্ন সময়ে অবৈধভাবে অনুপ্রবেশ করে ভারতের পুলিশের হাতে আটক হয়। বিভিন্ন মেয়াদে সাজা খেটে তারা সাম্প্রতিক সময়ে মুক্তি পায়। পরে বিএসএফ তাদেরকে বহরমপুর কারা হেফাজতে রাখে। সুযোগমতো গত শনিবার রাতে মুজিবনগর সীমান্তের কাঁটাতারের গেট খুলে তাদেরকে বাংলাদেশ সীমান্তে ঠেলে দেয় হয়। ওই ছয়জন রাতের আঁধারে মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে গিয়ে রাজশাহীগামী বাসে উঠেন। বাস চালক ও সুপারইভারজার বিষয়টি টের পেয়ে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে তাদেরক বাস থেকে নামিয়ে দেন। সেখানে কিছুক্ষণ তারা অবস্থান করেন। পরে পুলিশ আসার খবর পেয়ে সেখান থেকে তারা কৌশলে সঁটকে পড়ে।

বিষয়টি জানতে চাইলে ৬ বিজিবি অধিনায়ক লে. কর্ণেল খালেকুজ্জামান বলেন, বিষয়টি আমাদের জানা নেই। আমরা তাদের নাম ঠিকানা সংগ্রহ করে ব্যাবস্থা নেব। এখন থেকে সীমান্তে নজরদারি বৃদ্ধি করা হবে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান জানান,

তাদেরকে খুঁজে বের করার চেষ্টা করছে পুলিশ।

গাংনীর বামুন্দী থেকে পলাতক আসামি গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী এলাকায় অভিযান চালিয়ে মাদক মামলার পলাতক আসামি আওয়াল হোসেন (৫০) কে গ্রেফতার করেছে ডিবি পুলিশ।
গতকাল শনিবার রাতে ডিবির এসআই হাবিবুর রহমানের নেতৃত্বে এএসআই আহসান হাবিব ও এএসআই হেলাল উদ্দীনের সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন। গ্রেফতারকৃত আওয়াল বামুন্দী পশ্চিমপাড়ার মৃত রবগুল ইসলামের ছেলে।
ডিবির ওসি জুলফিকার আলী বলেন, গত ২৮ মে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে আওয়াল হোসেন বিরুদ্েধিএকটি মামলা দায়ের হয়। মামলার পর থেকে আওয়াল পলাতক ছিলেন। গোপন সংবাদের মাধ্যমে তার অবস্থান জানতে পেরে তাকে গ্রেফতার করতে অভিযান চালানো হয়।

গাংনীতে প্রতারণা চক্রের চার সদস্য গ্রেফতার

সুন্দরী নারী দিয়ে মোবাইল ফোনে প্রেমের ফাঁদে ফেলে স্বর্বশান্ত করা একটি চক্রের এক নারীসহ চারজনকে গ্রেপ্তার করেছে মেহেরপুরের গাংনী থানা পুলিশ।

রবিবার দিবাগত রাতে বামন্দী বাজার থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এসময় উদ্ধার করে থানায় নেয়া হয় প্রতারণার স্বীকার এক ব্যবসায়িকে। এ ঘটনায় উদ্ধার হওয়া ওই ব্যবসায়ি বাদী হয়ে গাংনী

থানায় একটি মামলা দায়ের করেন।

গ্রেপ্তারকৃতরা হচ্ছেন- বামন্দী বাজারের রতন লালের মেয়ে জোসনা রানী ও তার ভাই মেঘলাল, নজরুলের ছেলে মফিজুল ইসলাম ও আব্দুর রবের ছেলে মকলেছুর রহমান। দীর্ঘদিন এরা মোবাইল ফোনে প্রেমের ফাঁদ পেতে যুবক ও ব্যবসায়িদের ডেকে নিয়ে ভিডিও করা ছাড়াও ব্লাক মেইল করার ভয় দেখিয়ে মোটা অংকের টাকা আদায় করতেন।

পুলিশ জানায়,জোসনা রানীকে দিয়ে এ চক্রের সদস্যরা মোবাইল ফোনে বিভিন্ন ব্যবসায়ি ও যুবকদের সাথে সখ্যতা গড়ে তোলে কৌশলে ডেকে নিতো। পরে স্থানীয় যুবকরা তাকে একটি ঘরে আটক রেখে মোটা অংকের টাকা আদায় করতো। কয়েকদিন আগে মেহেরপুরের আহসান আলী নামের এক ব্যবসায়ি সাথে মোবাইল ফোনে পরিচয় হয় জোসনার। রোববার দুপুরে তাকে কৌশলে ডেকে নিয়ে একটি ঘরে আটক রেখে মোবাইল ফোনে ভিডিও ধারণ করে জোসনা ও তার সঙ্গীরা। এসময় তার কাছ থেকে ১২ হাজার টাকা ছিনিয়ে নেয় এবং পাঁচ লাখ টাকা দাবী করে। বিষয়টি জানতে পেরে গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে ওই ব্যবসায়িকে উদ্ধার করে এবং প্রতারক চক্রের চারজনকে গ্রেপ্তার করে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ওই নারীর বিরুদ্ধে অনৈতিক এবং সামাজিক অবক্ষয় সৃষ্টির অভিযোগে নরসিংদী জেলায় দায়ের করা দুটি মামলায় গ্রেফতারী পরোয়ানা রয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে।

গাংনীতে এনআইডি নিতে এসে জানলেন তারা মৃত!

মেহেরপুরের গাংনীতে দুই ব্যাক্তি এনআইডি (জাতীয় পরিচয় পত্র) কার্ড সংগ্রহ করতে এসে তারা জানতে পারলেন অনেক আগেই তারা মৃত বরণ করেছেন। অফিস তথ্যে লেখা হয়েছে এমন তথ্য।

ইউপি চেয়ারম্যান বলছেন, এমন অনেক ক্ষেত্রেই হয়েছে। কবে এ তথ্য

পুনরাই সংশোধন করা কঠিন বিষয়। নির্বাচন অফিস বলছেন এমন অনেকের ক্ষেত্রেই হয়েছে, এটি কাদের ভুল তা বলা যাচ্ছেনা।

রবিবার সকাল ১১ টার দিকে মেহেরপুরর গাংনী উপজেলা নির্বাচন অফিসে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংগ্রহ করতে আসেন গাংনী আড়পাড়া গ্রামের ৭৫ বছর বয়সি রবকুল ৫৫ বছর বয়সী নাসিরের স্ত্রী মোছাঃ মুর্শিদা খাতুন।

ভুক্তভোগী মুর্শিদা খাতুনের আইডি নং (৫৭১৪৭২১৩৭৬৩৩১) জানান, তিনি স্বামীর মৃত্যুর পর সংসারে অভাব অনটনে দিনানিপাত করছি। বিভিন্ন মহলে যোগাযোগ করে সমাজ সেবা অধিদপ্তর থেকে বিধবা ভাতা পওয়ার জন্য তালিকা ভুক্ত হয়েছি। তার নামে একটি বিকাশ একাউন্ট করতে হবে। বিকাশ একাউন্ট করতে এনআইডি স্মার্ট কার্ড প্রয়োজন। রবিবার সকালে নির্বাচন অফিসে স্মার্ট কার্ড সংগ্রহ করতে আসলে অফিসের লোকজন আমাদের নামের কার্ড বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন। অফিসের তথ্য অনুযায়ী আমাদের তথ্যে মৃত বলা হয়েছে। স্মার্ট কার্ড ব্যাতিত আমরা সিমকার্ড পাচ্ছিনা। আমি জীবীত থাকা সত্বেও মৃত বলা হচ্ছে। একারনে আমাদের ভাতার টাকা পাচ্ছিনা। আমরা গ্রামের অশিক্ষিত মানুষ এর থেকে উত্তরনের উপায় কী? তাও জানিনা। একই কথা জানালেন আর এক ভুক্তভোগী রবকুল।

এর আগে একই সমস্যায় পড়েন কোদাইল কাটি রাজাপুর গ্রামের ৭১ বছর বয়সি মুনসুর আলী। নির্বাচন অফিসের তথ্য অনুযায়ী তিনিও মৃত।

ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন, এমন বেশ কয়েকজন আমার কাছে এসেছিলেন। সমস্য হয়েছে তথ্য সংগ্রহকারীদের ভুলে। তবে ভুক্তভোগীদের বিষয়টি বিবেচনা করে সমস্যার সমাধান করা হবে।

নাম প্রকাশ না করার শর্তে একজন এনআইডি কার্ডের তথ্য সংগ্রহকারি বলেন, অল্প সময়ের মধ্যে আমাদের তথ্য সংগ্রহ করতে বলা হয়। তাছাড়া গ্রামের মানুষ বিষয়টি প্রাথমিক অকস্থায় গুরুত্বহীন ভেবে ভুলভাল তথ্য প্রদান করেন। যখন বিপদে পড়েন তখন তথ্য সংগ্রহ কারীদের দোষারোপ করেন।

গাংনী উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ বলেন, জাতীয় পরিচয় পত্র(এনআইডি) তথ্য সংগ্রহ কারিদের ভুল। এমন সমস্যা কয়েক জনের নয়। মুজিবনগর উপজেলায় এমন সমস্যায় পড়েন এপর্যন্ত ৭ জন এবং গাংনী উপজেলায় ৯ জন। তবে সমস্যার সমাধানের সুযোগ রয়েছে বলে জানান এ

কর্মকর্তা।

মেহেরপুরে ডিজিটাল নিরাপত্তা মামলায় সাংবাদিক আল আমিন গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের বিরুদ্ধে সংবাদ প্রকাশের জেরে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় সাংবাদিক আল আমিন হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার ভোরে গাংনী পৌর শহরের বাঁশবাড়িয়া গ্রামের তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়।

আল আমিন হোসেন বাঁশবাড়িয়া গ্রামের মৃত আব্বাস আলীর ছেলে ও ঢাকা থেকে প্রকাশিত বিজনেস বাংলাদেশ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি। তিনি মেহেরপুর প্রতিদিনের সাবেক যুগ্ম সম্পাদক।

মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এস আই সুমন জানান, ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় আদালতের পরোয়ানা থাকায় সাংবাদিক আল আমিন হোসেনকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য: ২০২০ সালের ১১ মে স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় ‘গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড, ২৬ বছর দখলে রেখেছে পরের বাড়ি’ শিরোনামে সংবাদ প্রকাশিত হওয়ার পর গাংনী আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ভাগ্নে সবুজ হোসেন বাদী হয়ে গাংনী থানায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও যুগ্ন সম্পাদক আল আমিনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলাটি দায়ের করেন। মামলা নং ১২, তাং ১৩-০৫-২০২০ইং। মামলায় নিম্ম আদালত থেকে তারা জামিনে ছিলেন। সম্প্রতি পুলিশ তদন্ত প্রতিবেদন দাখিল করলে আদালত পরিবর্তন হয় এবং বিচারক আসামিদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। তবে সংবাদ প্রকাশকে কেন্দ্র করে মামলা হলেও তিনি এখনো সেই বাড়ি ছাড়েননি।

যে সংবাদ প্রকাশের কারণে উপরোক্ত মামলা নিচে তার লিংক দেওয়া হলো

গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড; ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি

গাংনীর সাহারবাটি থেকে ৫ জুয়াড়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি মালিথাপাড়ায় অভিযান চালিয়ে জুয়া খেলা অবস্থায় ৫ জুয়াড়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

বুধবার দিবাগত মধ্যরাতে ডিবি পুলিশের এস আই মুক্ত রায়ের নেতৃত্বে এএসাাই আহসান হাবীব,এএসআই হেলাল উদ্দীন,এএসআই ইব্রাহিম বিশ্বাস সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটকৃতরা হলেন- সাহারবাটি গ্রামের আব্দুল হালিমের ছেলে আব্দুল মাবুদ(২৭), আব্দুর রশিদের ছেলে মিন্টু মিয়া (৩০), নজরুল ইসলামের ছেলে মোহন আলী (৩০), আলেক চাঁদের ছেলে বাদশা (৩৫) ও সানোয়ার হোসেনের ছেলে স্বপন আলী (৩১)।

ডিবিও ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলার সাহারবাটি মালিথাপাড়ায় অভিযান চালিয়ে জুয়া খেলা অবস্থায় তাদের আটক করা হয়েছে। এসময় তাদের কাছে থেকে ২ সেট তাস, ১০,১০০ টাকা, ৬ জোড়া স্যান্ডেল, ১ টি খেজুরের পাতার পাটি, ১ টি বৈদ্যুতিক বাল্ব উদ্ধার করা হয়।
পরে আটক জুয়াড়ী ও উদ্ধার কৃত মালামাল গাংনী থানায় সোপর্দ করে তাদের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের ৯৫ ব্যাচের পুনর্মিলনী

মেহেরপুরের গাংনীর উপজেলার কুতুবপুর স্কুল এন্ড কলেজের ১৯৯৫ সালের এস এস সি ব্যাসের পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টার সময় পরিচিতি পর্বের মাধ্যেমে অনুষ্ঠানের সূচনা হয়। পুনর্মিলনী অনুষ্ঠানে ৭৫ জন উপস্থিতির মধ্যে দিয়ে শুরু হয়। অনুষ্ঠানে ২৬ বছরের সেই কৈসবের বন্ধু বান্ধবদের নিয়ে একত্রিত হতে পেরে সকলেই আবেগ আব্লুত হয়ে পড়েন। ১৯৯৫ সালের সেই এস এস সি পড়ুয়া ছাত্র ছাত্রীরা আজ কেউ কলেজের প্রভাষক,কেউ ব্যাংকার,কেউবা স্কুলের শিক্ষক,কেউ ব্যাবসা, এবং প্রবাসী ফেরত কেউবা সোনার দেশের সোনার ফসল ফলানোর সফল কারীগর। উপস্থিতিদের মধ্যে অন্যতম জিয়াউর রহমান, মহাদ্দেস আলী লাভলু মাষ্টার শাহিন,মাঝহারুল ইসলাম ,শাহারুল,মোশারফ হোসেন ফারুক,আরিফ,হাফিজুল ইসলাম শিমুল,লিয়াকত কমর জামাল,বিলকিস,মানসুরা,সিরিনা মুক্তা,মজ্জেম সহ আরো অনেকে। জিয়াউর রহমান বলেন, ২৬ টি বছর পর আমরা সেই কৈশবের বন্ধু গুলো একত্রিত হতে পেরেছি সুধু বন্ধুরাই নয় বন্ধুদের স্ত্রী ছেলে মেয়ে ও বান্ধবিদের স্বামী ছেলেমেয়ের নিয়ে উপস্থিত হয়েছি। সকলের সাথে নতুন ভাবে পরিচিত হতে পেরে খুব ভালো লাগলো। তবে মনে পড়ে সেই দিনগুলোর কথা আজকে মনে পড়ে খুব সেই দিনের কথা কতই না মজার ছিল। তবে আমি চাইবো এমন সুন্দর দিনের আয়োজন প্রতি বছরেই হোক।

পুনর্মিলনী অনুষ্ঠানে দুপুরের খাবারের আগে কুইজ প্রতিযোগিতা ও সকল কে সম্মাননা পুরুষ্কার বিতরণ শেষ করে দুপুরের খাবার শেষের মধ্যে দিয়েই অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

গাংনীতে গরুর শিংয়ের গুতোই গৃহবধূর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের মহিসাখোলা গ্রামে গরুর গোয়াল ঘর পরিষ্কার করতে যেয়ে গরুর শিংয়ের গুঁতোই মুসলিমা খাতুন(২৫) নামের এক গৃহবধূর মৃত্যু হয়েছে।
আজ শনিবার বিকেলে এই ঘটনাটি ঘটে। নিহত মুসলিমা খাতুন মহিষাখোলা গ্রামের বজলুর রহমানের স্ত্রী।
নিহতের স্বামী বজলুর রহমান জানান, প্রতিদিনের ন্যায় মুসলিমা আজ বিকেলে গরুর গোয়াল ঘর পরিস্কার করছিল। এসময় গরুর সামনে গেলে তাকে শিং দিয়ে গুতো মারলে মুসলিমা মারাত্মক আহত হয়।এবং সাথে সাথে অজ্ঞান হয়ে পড়ে।
আহত মুসলিমাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্মরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এক সন্তানের জননী মুসলিমার মৃত্যুতে তার পরিবারে নেমে এসেছে শোকের মাতম। গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, বিষয়টি আমরা শুনেছি সেখানে পুলিশ পাঠানো হয়েছিল।।